



জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখ: ১১/১১/২০২৩

শোক প্রকাশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মৃত্যুতে পাবিপ্রবি কর্তৃপক্ষের শোক

(১১-১১-২৩): জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামালা খান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন। ড. মো ইমদাদুল হক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক, জীববিজ্ঞান অনুষদের সাবেক ডিন, সাবেক সিনেট সদস্য। তিনি আজ ভোরে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এক শোক বার্তায় পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন বলেন, ড. ইমদাদুল হকের মৃত্যুতে জাতি হারালো এক পণ্ডিত, আদর্শ শিক্ষক মানুষ গড়ার কারিগর আর জগন্নাথ বিশ্ববিদ্যালয় হারালো তাদের প্রিয় অভিভাবক ও স্বজনকে। পাবিপ্রবি কর্তৃপক্ষ মরহুমের আত্মার শান্তি কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২,

faruk_kantho@yahoo.com